



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নম্বর-মশিবো/জামাল/কলেজ/২০২৪/৩০৮৫

তারিখ- ২০০৫.২০২৪ খ্রি:

বিষয়: জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন "মির্জা আজম স্কুল এন্ড কলেজ" এর উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে
সূত্র: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ-এর ২২.০৪.২০২৪ খ্রি: তারিখের ৮ম মঞ্জুরী কমিটির সভার সুপারিশ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্ন লিখিত শাখা ও বিষয় সমূহসহ জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন "মির্জা আজম স্কুল এন্ড কলেজ" এ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো। এই অনুমতি কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

শাখাসমূহ	আবশ্যিক বিষয়	শাখা ভিত্তিক বিষয়		
		বিজ্ঞান শাখা	মানবিক শাখা	ব্যবসায় শিক্ষা শাখা
১। মানবিক	১। বাংলা	১। পদার্থবিজ্ঞান	১। পৌরনীতি ও সুশাসন ২। ইতিহাস	১। হিসাব বিজ্ঞান
২। ব্যবসায় শিক্ষা	২। ইংরেজি	২। রসায়ন	৩। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
৩। বিজ্ঞান	৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	৩। উচ্চতর গণিত	৪। সমাজ কর্ম ৫। সমাজবিজ্ঞান	৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
		৪। জীববিজ্ঞান	৬। ইসলাম শিক্ষা ৭। কৃষি শিক্ষা	৪। ফিন্যান্স ব্যাংকিং ও বীমা
			৮। যুক্তিবিদ্যা ৯। মনোবিজ্ঞান	
			১০। অর্থনীতি	

শর্তসমূহ:

- এই অনুমতির মেয়াদ আগামী ০৩ (তিন) বছর পর্যন্ত কার্যকর থাকবে।
- কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেওয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে।
- ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না।
- কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না।
- উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসাবে বিবেচিত হবে না।
- সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে।
- বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০)-শিক্ষা, তারিখ ১০ জুন ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি নির্দেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- অতিসত্বর কোড সংগ্রহের জন্য আবেদন করতে হবে।
- উচ্চমাধ্যমিক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা কাম্য পর্যায়ে থাকতে হবে। আসন সংখ্যা-মানবিক: ৬০ জন, ব্যবসায় শিক্ষা: ৩০ জন, বিজ্ঞান: ৩০ জন এবং শিফট: দিবা, ভার্শন: বাংলা, সহশিক্ষা।
- কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে।
 - উপরোক্ত শর্তসমূহ পূরণ সংক্রান্ত রিপোর্ট
 - কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট
 - অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ১০,০০০/= (দশ হাজার) টাকা বোর্ডের সচিব এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমাদানের রশিদ।

২

- ১৫। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা -২০২২
অনুযায়ী সকল শর্ত যথাযথ পূরণ করতে হবে। এবং
- ১৬। উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার করা হবে।

সভাপতি/অধ্যক্ষ
মির্জা আজম স্কুল এন্ড কলেজ
মেলান্দহ, জামালপুর


চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে
স্বাঃ
(প্রফেসর প্রাণেশ রঞ্জন রায়)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ

স্মারক নম্বর-মশিবো/জামাল/কলেজ/২০২৪/ ৩০৮৫

তারিখ- ২০.০৫.২০২৪ খ্রি:

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৩। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত্র, ঢাকা
- ৪। জেলা প্রশাসক, জামালপুর
- ৫। জেলা শিক্ষা অফিসার, জামালপুর
- ৬। আইটি শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
- ৭। পি.এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
- ৮। অফিস কপি


19.05.2024
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ